

**বিষয়ঃ পত্র যোগাযোগের ক্ষেত্রে প্রশাসনিক শিষ্টাচার ও দাপ্তরিক রীতি নীতি প্রতিপালন প্রসংগে।**

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, অত্র অধিদপ্তরের কিছু কিছু কর্মকর্তা/কর্মচারী বিভিন্ন সময়ে প্রশাসনিক শিষ্টাচার ও দাপ্তরিক রীতি নীতি অনুসরণ না করেই অধিদপ্তর এবং মন্ত্রণালয় পর্যায়ে সরাসরি আবেদন দাখিল করছেন। এ ধরনের পত্রালাপের ক্ষেত্রে অধিদপ্তরকে প্রায়শই অপ্রস্তুত ও বিরতকর অবস্থার সম্মুখীন হতে হচ্ছে এবং সেই সাথে সরকারের কাছে অধিদপ্তরের ভাবমূর্তি ক্ষুণ্ণ হচ্ছে। এছাড়াও বিভিন্ন সময়ে কর্মকর্তা/কর্মচারীগণ ব্যক্তিগত বিষয়ে সরকারী পত্রালাপের বিধিবিধান অনুসরণ না করেই নিয়ম বহির্ভূতভাবে পত্র প্রেরণ করে অধিদপ্তরকে অনৈতিক চাপ প্রয়োগসহ দপ্তরের স্বাভাবিক কার্যক্রম ব্যাঘাত ঘটান। যা সরকারী বিধি বিধান ও দাপ্তরিক রীতিনীতির পরিপন্থী এবং শাস্তিযোগ্য অপরাধ।

বর্গিতাবস্থায়, উপরিউক্ত বিষয়ে ক্ষেত্রমতে নিম্নবর্ণিত প্রশাসনিক বিধিবিধান ও দাপ্তরিক শিষ্টাচারের আলোকে ব্যক্তিগত ও দাপ্তরিক বিষয়ে আবেদন ও পত্রালাপের ক্ষেত্রে সরকারী অনুশাসন প্রতিপালনের জন্য অনুরোধ করা হলো। ভবিষ্যতে এ ধরনের কার্যক্রম পরিলক্ষিত হলে সংশ্লিষ্টদের বিরুদ্ধে বিধি অনুযায়ী প্রশাসনিক ব্যবস্থা গ্রহণসহ তাঁদের বার্ষিক মূল্যায়নে তা প্রতিফলিত হবে।

**এতদসংক্রান্ত প্রশাসনিক বিধি বিধানঃ**

- ১। সরকারী কর্মচারী (আচরণ) বিধিমালা, ১৯৭৯-এর অনুচ্ছেদ-৩০, ৩০ এ ও ৩১।
- ২। সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫-এর অংশ ১-এর ধারা-২ এফ।
- ৩। সচিবালয় নির্দেশমালা ২০১৪-এর ক্রমিক নং-১৭২ হতে ১৭৫।
- ৪। বিষয় সংশ্লিষ্ট অপরাপের সরকারী বিধি বিধান।

  
(মোঃ মাহবুব আহমেদ)  
মহাপরিচালক  
Email: [dg@dam.gov.bd](mailto:dg@dam.gov.bd)

**বিতরণঃ জ্ঞাতার্থে ও কার্যার্থে**

১. প্রধান (গবেষণা ও উন্নয়ন), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
২. উপ-পরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/রংপুর/বরিশাল/সিলেট বিভাগ।
৩. উপ-পরিচালক(সকল), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
৪. ফোকাল পয়েন্ট কর্মকর্তা, আইসিটি সেল, কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫. সিনিয়র কৃষি বিপণন কর্মকর্তা(সকল)-----।
৬. আঞ্চলিক ব্যবস্থাপক, কৃষি বিপণন অধিদপ্তর, রংপুর/শেরপুর/মাগুরা।
৭. সহকারী পরিচালক(সকল), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
৮. জেলা বাজার কর্মকর্তা/জেলা বাজার অনুসন্ধানকারী(সকল)-----।
৯. হিসাব রক্ষণকর্মকর্তা, কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
১০. জনাব/বেগম-----, কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।

পরিকল্পিত ও উন্নত বিপণন ব্যবস্থাই নিশ্চিত করতে পারে কৃষক ও জোক্তার ন্যায্য অধিকার।